

ফিল্ড

৩০

**রোটারি বর্ষ**

**গ্রামের শিক্ষার্থীদের দেয়া হবে 'ব্যাক প্যাক'**

**নিজস্ব সার্ভা পরিবেশক**

রোটারি আন্তর্জাতিক জেলা - ৩২৮০ বাংলাদেশ ২০০৭-০৮ রোটারি বর্ষে বাংলাদেশের গ্রামাঞ্চলের স্কুল শিক্ষার্থীদের মাঝে 'ব্যাক প্যাক' কার্যক্রমের জন্য প্রাথমিক পর্যায়ে প্রায় ৫০ হাজার ডলার খরচ করবে। এই প্রকল্পের প্রথম ব্যাক প্যাক বই খাতকে তড়িৎ বৃষ্টির হাত থেকে রক্ষা করবে। এতে আরো থাকবে ১টি ছাতা, ১ টি ডিকশনারী, রাবার, পেনসিল, শার্পনার ইত্যাদি।

আজ, ১ জুলাই ২০০৭-০৮ রোটারি বর্ষে গভর্নর হিসাবে দায়িত্ব গ্রহণের সময় রোটারির কার্যক্রম ও বাংলাদেশের সেবা প্রত্যাশী মানুষের জন্য উবিম্বাৎ কর্ম পরিকল্পনা বিশেষ করে দরিদ্র স্কুল শিক্ষার্থীদের জন্য 'ব্যাক প্যাক' কার্যক্রম সম্বন্ধে অবহিত করণের লক্ষ্যে গতকাল জাতীয় প্রেসক্রােব আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ২০০৭-০৮ রোটারি বর্ষের জেলা গভর্নর রফিক আহমেদ সিদ্দিকী। সে সময় উপস্থিত ছিলেন প্রবীণ রোটারিয়ান পিডিজি ইফতেখারুল আলম, পিডিজি জামাল উদ্দিন, পিডিজি কে এম জয়নুল আবেদীন, পিডিজি সেলিম রেজা, ডিস্ট্রিক্ট সেক্রেটারি খন্দকার রাশিদুল আহসান, পাবলিক রিলেশনস কমিটির চেয়ারম্যান স্যামসন এইচ চৌধুরীসহ সিনিয়র রোটারিয়ান ও জেলা কর্মকর্তারা।

সংবাদ সম্মেলনে জানানো হয়, আর্সেনিক মিটিগেশনে এবারও রয়েছে ১.৫০.০০০ ডলার। এছাড়াও নিয়মিত কার্যক্রম সবই অব্যাহত থাকবে।

১৯০৫ সালে পল পার্সিভাল স্যারিস কর্তৃক প্রতিষ্ঠিত বিশ্বের প্রথম সেবামূলক প্রতিষ্ঠান রোটারি বিশ্বে পোলিও নির্মূল কর্মসূচি গ্রহণ করে বিশেষ ভূমিকা রেখেছে। ১৯৮৮ সাল পর্যন্ত বিশ্বে ৩ কোটি ৫০ লাখ মানুষ পোলিওতে আক্রান্ত হতো যা বর্তমানে ২ সপ্তাহের নেনে এসেছে। পোলিও নির্মূল কর্মসূচির জন্য রোটারি এ পর্যন্ত ৬০০ মিলিয়ন ডলার ব্যা

করেছে। বাংলাদেশে ১৯৯৫ সালে জাতীয় টিকা দান কর্মসূচি শুরু করা হয়, যা রোটারির অর্থায়নে পরিচালিত হয়।

রোটারি বাংলাদেশে প্রথম ক্যান্সার ডিটেকশন সেন্টার, দৃষ্টিহীনদের জন্য প্রথম স্কুল, সনুদ্র উপকূলীয় এলাকায় প্রথম অশ্রয় কেন্দ্র নির্মাণ করেছে। রোটারি ক্লাব নিজস্ব অর্থায়নে এবং বিদেশী রোটারি ক্লাবের আর্থিক সহায়তায় অসংখ্য মানবিক ও শিক্ষামূলক প্রকল্প বাস্তবায়ন করেছে। এগুলো ছাড়াও রোটারি বাংলাদেশ নিয়মিতভাবে হাট, চকু, দস্ত ও গলগন্ড ক্যাম্পের আয়োজন এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা ও গ্রামাঞ্চলে পরিবেশ সসায়ক জ্বালানি চুলা সরবরাহ করেছে।